বড়াইগ্রাম উপজেলা আইসিটি কমিটির ডিসেম্বর/২০১৯ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : মো: আনোয়ার পারভেজ, উপজেলা নির্বাহী অফিসার, বড়াইগ্রাম, নাটোর।
স্থান : উপজেলা কমপ্লেক্স সম্মেলন কক্ষ, বড়াইগ্রাম।
তারিখ : ২৯ ডিসেম্বর ২০১৯ খ্রি:

উপস্থিত তালিকা ঃ পরিশিষ্ট- "ক" তে সংযুক্ত।

সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ় করণ করা হয়। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

**সভার আলোচনা এবং সিদ্ধান্ত ঃ**

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২.১ | উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টালের তথ্য | এ উপজেলার প্রতিটি অফিসের নিজস্ব পোর্টাল ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উপস্থিত অন্যান্য কর্মকর্তাগণদের নিজ নিজ ওয়েবসাইট হালনাগাদের নির্দেশনা দেন সভাপতি। | সভাপতি প্রতিটি দপ্তরের প্রধানগণদের জন্য প্রশিক্ষণ ব্যবস্থার দিক নির্দেশনা দেন। | উপজেলা সহকারী প্রোগ্রামার ও সকল অফিসার |
| ২.২ | ইউডিসি আয় ও সেবা প্রদানের মূল্য নির্ধারণ | ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড এর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় সভাপতি বলেন যে, উদ্যোক্তাগণ সেবা প্রদানের সেবামূল্য তালিকা অনুযায়ী আদায় করছেন কিনা তা জানতে চান। | উদ্যোক্তাগণকে সেবা মূল্য নির্দিষ্ট করে দেওয়ার জন্য সদস্য সচিব মহোদয়কে অনুমতি দেওয়া হয়। | উপজেলা সহকারী প্রোগ্রামার ও সংশ্লিষ্ট উদ্যোক্তাগণ |
| ২.৩ | ই-নথি কার্যক্রম | ই-নথির কার্যক্রম বিষয়ে সভাপতি মহোদয় বলেন যে, যে সকল দপ্তরে ই-নথি কার্যক্রম চালু নেই সে সকল দপ্তর দ্রুত ই-নথি ব্যবস্থা গ্রহণ করবেন। সদস্য সচিব বলেন, অফিসারগণ ই-নথি বিষয়ে ২দিন ব্যাপি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক প্রশিক্ষণ খুব শীঘ্রই পাবেন। | অন্যান্য দপ্তরে ই-নথি কার্যক্রম চালু করতে হবে।প্রতিটি দপ্তরের মাসিক ই-নথি কার্যক্রম প্রতিবেদন সহকারী প্রোগ্রামারের কাছে দাখিল করতে বলা হয়। | উপজেলা সহকারী প্রোগ্রামার ও সকল অফিসার |
| ২.৪ | উপজেলা উদ্যোক্তাদের তথ্য | সভায় ইউডিসি উদ্যোক্তারা বিভিন্ন তথ্য উপস্থাপন করে।জন্ম নিবন্ধন নিয়ে যে সমস্যাগুলো হয় সেগুলো নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।এছাড়াও ইউডিসিগুলোতে উদ্যোক্তা কেন নেই তা জানতে চাওয়া হয়। | জন্ম নিবন্ধন প্রক্রিয়া আরো সহজতর ও যথার্থ হতে হবে। এজন্য স্বাস্থ্য দপ্তরকে টিকা দেওয়ার সময় প্রত্যেকটি বাচ্চার জন্ম নিবন্ধন কার্ড যাচাই করার সিদ্ধান্ত হয়।গোপালপুর ও মাঝগাঁও ইউনিয়ন ডিজিটাল সেন্টারে দ্রুত উদ্যোক্তা নিয়োগের পরামর্শ দেওয়া হয়। | উপজেলা নির্বাহী অফিসার / উপজেলা সহকারী প্রোগ্রামার / চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ |
| ২.৫ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব | পরিদর্শন চলমান রয়েছে। মৌখাড়া টেকনিক্যাল বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি এন্ড বিএম কলেজ ও চান্দাই কলেজের শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর অবস্থা জানানো হয়। | মৌখাড়া টেকনিক্যাল বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি এন্ড বিএম কলেজ ও চান্দাই কলেজে চিঠি দেওয়ার সিদ্ধান্ত হয়।যে সকল প্রতিষ্ঠানের শেখ রাসেল ডিজিটাল ল্যাবের শিক্ষকদের ট্রেনিং নাই তাদের তথ্য ২ সপ্তাহের মধ্যে অবহিত করতে নির্দেশ মোতাবেক চিঠি প্রদানের সিদ্ধান্ত নেওয়া হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সহকারী প্রোগ্রামার |
| ২.৭ | শিক্ষা প্রতিষ্ঠানে ওয়েব সাইট তৈরী | শিক্ষা প্রতিষ্ঠানে ওয়েব সাইট তৈরি সম্পন্ন হয়নি। যে সকল প্রতিষ্ঠানে তৈরী হয়েছে সেখানেও কার্যক্রম সন্তোষজনক নয়। সভায় সভাপতি বলেন যে, ওয়েব সাইট দেখভাল করার জন্য মাধ্যমিক শিক্ষা অফিসার শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে চিঠি দিন। | ০১ (এক) মাসের মধ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে তথ্যবহুল ওয়েব সাইট তৈরী করতে হবে এবং সহকারী প্রোগ্রামারের সহযোগীতা প্রদানের নির্দেশনা দেওয়া হয়। | মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা সহকারী প্রোগ্রামার |
| ২.৮ | শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত | মাল্টিমিডিয়া ক্লাশরুমের ব্যবহার সন্তোষজনক নয়। ক্লাশে মাল্টিমিডিয়া প্রজেক্টর বেশি ব্যবহারের জন্য শিক্ষকদের ট্রেনিং এর বিষয় নিয়ে আলোচনা হয়। এছাড়াও যদি কোন ডিভাইস নষ্ট থাকে তাহলে নিজ দায়িত্বে ঠিক করে নিতে হবে। | নিজস্ব তৈরী কনটেন্ট এর মাধ্যমে মাল্টিমিডিয়া ক্লাস নিতে হবে।উপজেলা শিক্ষা অফিসারকে প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাশের জন্য চিঠি দিতে বলা হয় এবং যে সকল প্রতিষ্ঠানে এখনও মাল্টিমিডিয়া ক্লাশরুম নাই সেগুলোর লিস্ট তৈরির সিদ্ধান্ত নেওয়া হয়। | শিক্ষা অফিসার ও মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ২.৯ | কল সেন্টার (৩৩৩,৯৯৯, ১০৪,১০৬) | সভায় সভাপতি মহোদয় বলেন যে, উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে কল সেন্টারসমূহের সুবিধার বিষয়ে শিক্ষার্থীদের মাঝে ব্যাপক প্রচারণা চালাতে হবে। এজন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ফটকে সাইনবোর্ড স্থাপন | কলসেন্টার গুলো ব্যবহার বৃদ্ধির জন্য ব্যাপক প্রচারনা চালাতে হবে। এ জন্য শিক্ষকমন্ডলী ও সকল অফিস প্রধানদের অগ্রনী ভূমিকা পালন করতে | সকল অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করতে হবে। | হবে। | |
| ২.১০ | ইনোভেশন | সভায় সভাপতি বলেন যে, 'দাপ্তরিক কাজ সরল ও সহজীকরণ করার নতুন প্রক্রিয়া যদি থাকে তাহলে সেটা ইনোভেটিভ কাজ বলে গণ্য হবে এবং ইনোভেটিভ কাজের জন্য আলাদা বাজেট প্রদান ও পুরস্কৃত করা হয়। | নিজ নিজ দপ্তর কে ইনোভেটিভ কাজ করার উদ্যোগ নেওয়ার সিদ্ধান্ত হয়। | সকল অফিসার |

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

২৯/১২/১৯

(মোঃ আনোয়ার পারভেজ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
বড়াইগ্রাম, নাটোর।
ফোন ঃ ০৭৭২৩-৫৬০২৩০
ই-মেইলঃ unobaraigram@mopa.gov.bd

স্মারক নং : ৫৬.০৪.৬৯১৫.০০০.১৬.০০১.১৯-০৬

তারিখ : ২৯ ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

১. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁ, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩ জেলা প্রশাসক, নাটোর।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বড়াইগ্রাম, নাটোর।
৫. প্রোগ্রামার, নাটোর।
৬. উপজেলা .................................... অফিসার, বড়াইগ্রাম, নাটোর।
৭. চেয়ারম্যান ................................ ইউনিয়ন পরিষদ, বড়াইগ্রাম, নাটোর।
৮. জনাব .......................................................... বড়াইগ্রাম, নাটোর।
৯. অফিস কপি।

২৯/১২/১৯

(আব্দুর রহমান আনসারী)
উপজেলা সহকারী প্রোগ্রামার
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি
বড়াইগ্রাম,নাটোর।
ই-মেইলঃ ansarydoict@gmail.com